

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd



স্মারক নং-৪৫.০১.০০০০.১৪০.১১.০০২.১৯- ৭৬২


তারিখঃ ১০ জুন ২০২০ খ্রিস্টাব্দ
২৭ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়ঃ আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের লক্ষ্যে তথ্যাদি প্রেরণ প্রসারণ।

সূত্রঃ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং- স্বাঃ অধিঃ/প্রশা-২/আউট সোর্সিং/স্বাস্থ্য অধিদপ্তর/২০১৭/১৮৫৬, তারিখঃ ২০/০৪/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য অধিদপ্তরে আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদনের লক্ষ্যে নিম্নোক্ত তথ্যাদি জরুরি ভিত্তিতে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলঃ

১. স্বাস্থ্য অধিদপ্তরে মোট ৪র্থ শ্রেণির অনুমোদিত, কর্মরত ও শূন্য পদের সংখ্যা এবং পদ শূন্য হওয়ার কারণ;
২. অর্থ মন্ত্রণালয়ের ছক অনুযায়ী তথ্যাদি;
৩. প্রস্তাবিত পদের সংখ্যায় গরমিল রয়েছে, সংশোধিত প্রস্তাব প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।


(খন্দকার জাকির হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা
[দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]

অনুলিপিঃ

- ১। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সংযুক্ত ছকসহ পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। যুগ্ম-সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা -২০১৮ অনুযায়ী সেবা ক্রয়ের ও তার প্রেরণের ক্ষেত্রে

- ১। প্রস্তাবকারী প্রতিষ্ঠানের নাম ও মন্ত্রণালয় ও বিভাগের নাম
- ২। প্রস্তাবিত সেবার নাম ও সেবা কর্মীর সংখ্যা
- ৩। হালনাগাদ সাংগঠনিক কাঠামোর কপি
- ৪। প্রস্তাবিত সেবা ক্রয়ের অনুকূলে যৌক্তিকতা
- ৫। যে সকল সেবা ক্রয়ের প্রস্তাব করা হয় সে সকল সেবা বর্তমানে কি ভাবে গ্রহণ করা হচ্ছে সে সংক্রান্ত তথ্য।
- ৬। সেবা ক্রয়ের সুনির্দিষ্ট সময় কাল
- ৭। আউটসোর্সিং প্রক্রিয়ায় বর্তমানে যে সকল সেবা গ্রহণ করা হচ্ছে সে সকল ক্ষেত্রে সম্পাদিত চুক্তির মেয়াদ সংক্রান্ত।
- ৮। যে সকল সেবা ক্রয়ের প্রস্তাব করা হয়েছে উল্লিখিত সেবা/কাজের জন্য বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে কোন পদ/জনবল আছে কিনা এবং তার সংখ্যা।
- ৯। সেবা ক্রয়ের ক্ষেত্রে সেবা ক্রয়কারীর অনুকূলে নির্ধারিত কোডে বাজেট বরাদ্দ আছে কিনা।
- ১০। নিরাপত্তা প্রহরীর সেবা ক্রয়ের প্রস্তাবের ক্ষেত্রে অবশ্যই দপ্তরটি নিরীক্ষণ ভবনে না ভাড়া বাড়ীতে, না সরকারি ভবনে অবস্থিত।
- ১১। কুক এবং ডাইনিং সেবা ক্রয়ের ক্ষেত্রে কতজন জনবলকে সেবা প্রদান করা হবে এবং বর্তমানে কুক/বাবুচি আছে কিনা তার তথ্য।
- ১২। আউটসোর্সিং প্রক্রিয়ায় শিক্ষা প্রতিষ্ঠানে সেবা ক্রয়ের ক্ষেত্রে প্রতিষ্ঠানের শিক্ষার্থী সংখ্যা, শিক্ষক ও অন্যান্য জনবল সংখ্যা এবং শিক্ষা প্রতিষ্ঠানের অবস্থান।
- ১৩। আউটসোর্সিং প্রক্রিয়ায় হাসপাতালের সেবা ক্রয়ের ক্ষেত্রে হাসপাতালের বেড সংখ্যা, রোগীর সংখ্যা, ডাক্তার ও অন্যান্য জনবল এবং হাসপাতালের আকার ও আয়তন।
- ১৪। অতিরিক্ত কোন বক্তব্য যদি থাকে